# চুঙ্গি পোকা (Caseworm)

**পোকা পরিচিতি**

চুঙ্গি পোকা প্রধানতঃ রোপা আমন মৌসুমের পোকা। তবে অনুকল আবহাওয়ায় আউশ মৌসুমেও দেখা যেতে পারে। পূর্ণবয়স্ক চুঙ্গি পোকার মথ সাদা রঙের এবং পাখার উপর বাদামি রঙের দাগ রয়েছে। স্ত্রী মথ গাছের নিচের দিকের পাতার পিছন পিঠে ডিম পাড়ে। পূর্ণবয়স্ক মথ ৮-১২ দিন বেঁচে থাকে। চুঙ্গি পোকার জীবন চক্র শেষ হতে অবস্থাভেদে ৪-৫ সপ্তাহ সময় লাগে।

**ক্ষতির ধরণ**

- চুঙ্গি পোকার কীড়া রাতের বেলায় গাছের ক্ষতি করে। পোকার কীড়া পাতার সবুজ অংশ লম্বালম্বিভাবে কুরে কুরে খায়, ফলে শুধুমাত্র উপরের পর্দাটা বাকী থাকে। এ ছাড়া পাতার ওপর দিকটা কেটে ২-৩ সেন্টিমিটার লম্বা চুঙ্গি তৈরী করে এবং এসব চুঙ্গির মধ্যে কীড়া লুকিয়ে থাকে। চুঙ্গিগুলো আক্রান্ত গাছের গায়ে ঝুলে থাকে এবং পানিতে ভেসে এক গাছ থেকে অন্য গাছে আক্রমণ করে।
- চুঙ্গি পোকার সংখ্যা বৃদ্ধির জন্য আর্দ্র আবহাওয়া এবং ক্ষেতে দাড়ানো পানি অনুক,ল। বীজতলার চারা এবং মধ্যবয়সী গাছ বেশি আক্রান্ত হয়।

**দমন ব্যবস্থাপনা**

- আক্রান্ত জমির পানি বের করে দেয়া।
- আলোকফাঁদের সাহায্যে পূর্ণবয়স্ক মথ মেরে ফেলা।
- চুঙ্গিকৃত পাতা নষ্ট করে ফেলা।
- শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলেই কীটনাশক প্রয়োগ করা প্রয়োজন।
- কীটনাশক যেমন, মিপসিন ৭৫ ডব্লিউপি, সেভিন ৮৫ ডব্লিউপি, ডারস্বান ২০ ইসি, ফলিথিয়ন ৫০ ইসি, মার্শাল ২০ ইসি অথবা অনুমোদিত কীটনাশক বোতলে বা প্যাকেটে উল্লিখিত মাত্রায় প্রয়োগ করুন।



চুঙ্গি পোকা



চুঙ্গি সহ ধান গাছ



চুঙ্গি পোকায় ক্ষতিগ্রস্থ  ধান গাছ